# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
অর্থ পরিদপ্তর
পানি ভবন (লেভেল-০৮), ৭২, গ্রীণরোড, ঢাকা
ফোনঃ ০২২২২২৩০০৩৩, ০২২২২২৩০০৩৫
Email: bwdbfac@gmail.com

Office of the Director
Directorate of Finance
Pani Bhaban (Level-08), 72, Green Road, Dhaka.
Phone: 02222230033, 02222230035
Email: bwdbfac@gmail.com

**স্মারক নং-৪২.০১.০০০০.০১৯.৮১.০১০.২২-** ৯৮৮ **তারিখ:** ১১-১২-২০২২**খ্রি:**

**বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পরিচালন ব্যয় (সংস্থাপন) উপখাতের আওতাধীন আউটসোর্সিং (অর্থ কোড-৩২১১১৩১) উপখাতের অনুকূলে বাজেট বরাদ্দ সংক্রান্ত।**

**সূত্র: ০১। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১১.০৪৪.১৬-১৮০, তারিখ: ১১/১১/২০২১খ্রি:।**
**০২। অত্র দপ্তরের স্মারক নং-বাপাউবো (অর্থ)/রাবাত/৩৬৭-৩৮১, তারিখ: ১০/০৪/২০২২খ্রি:।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক দ্বয়ের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জন্য জোনভিত্তিক বিভিন্ন ক্যাটাগরীতে মোট ২২৬৪ জনবল আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগের জন্য অর্থ মন্ত্রনালয়ের অনুমোদন রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রস্তুতকালে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবলের মধ্যে কতজনকে নিয়োগ প্রদান করা হয়েছে নিয়োগাদেশ এবং জড়িত অর্থের আর্থিক বিবরণীসহ অর্থ মন্ত্রণালয়কে প্রদানের নির্দেশনা দেয়া হয়। সূত্রস্থ স্মারক এর মাধ্যমে উক্ত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলেও ২/১টি দপ্তর ব্যাতিত কেহই এ তথ্য প্রদান না করায় অর্থ মন্ত্রণালয়কে সঠিক তথ্য দেওয়া সম্ভব হয়নি। যাহার পরিপ্রেক্ষিতে ২০২২-২৩ অর্থ বছরে আউটসোর্সিং উপখাতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা যায়নি। ২০২২-২৩ অর্থ বছরে সরকার হতে আউটসোর্সিং (অর্থ কোড-৩২১১১৩১) উপখাতে ৬ (ছয়) মাসের সমপরিমান বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে।

চলতি ২০২২-২৩ অর্থ বছরের অবশিষ্ট ৬ মাসের আউটসোর্সিং উপখাতে বাজেট বরাদ্দ নিশ্চিতকরন জরুরী। এমতাবস্থায় আপনার দপ্তরের অনুকূলে সংশ্লিষ্ট উপখাতে ২০২২-২৩ অর্থ বছরের জন্য সর্বমোট কি পরিমান বাজেট বরাদ্দের প্রয়োজন হবে তার বিস্তারিত বিবরণসহ নিম্নলিখিত ছক অনুসারে বাজেট চাহিদা আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রাপ্ত চাহিদার ভিত্তিতে সংশোধিত বাজেট প্রস্তুতপূর্বক পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং শুধু মাত্র সংশোধিত বাজেটে চাহিদাকৃত অর্থ পাওয়া গেলেই অবশিষ্ট ৬ মাসের আউটসোর্সিং উপখাতে বরাদ্দ প্রদান করা যাবে। চাহিত তথ্য সঠিকভাবে উপস্থাপিত না হওয়ার কারনে পরবর্তীতে আউটসোর্সিং জনবলের বেতন-ভাতাদি পরিশোধ করা সম্ভব না হলে উহার দায়-দায়িত্ব সংশ্লিষ্টকেই বহন করতে হবে।

| জোনের নাম | অনুমোদনকৃত পদের ক্যাটাগরী এবং সংখ্যা | | | প্রকৃত নিয়োগের সংখ্যা | সাকুল্যে মাসিক বেতন | জুলাই ২০২২ হতে জুন-২০২৩ পর্যন্ত বাজেট চাহিদা | নভেম্বর/২০২২ পর্যন্ত প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | ক্যাটাগরী | পদের বিবরণ | মোট সংখ্যা | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | ক্যাটাগরী-১ | | | | | | |
| | ক্যাটাগরী-২ | | | | | | |
| | ক্যাটাগরী-৩ | | | | | | |
| | ক্যাটাগরী-৪ | | | | | | |
| | ক্যাটাগরী-৫ | | | | | | |

উহাতে অতিরিক্ত মহাপরিচালক, অর্থ মহোদয়ের অনুমোদন রয়েছে।

১১/১২/২২

**(মোঃ কবির আহাম্মদ)**
পরিচালক (অহিনি)
আইডি নং-৬৫০১০১০২১
অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

**প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল),**
**বাপাউবো।**

স্মারক নং-৪২.০১.০০০০.০১৯.৮১.০১০.২২-১৮৮

তারিখ: ১১১২-২০২২খ্রি:

**অনুলিপি সদয় অবগতির জন্য (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

০১। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়কে সদয় অবগত করতে অনুরোধসহ)।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো।
০৩। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।

১১.১২.২০২২
(প্রশান্ত রায়)
উপ-পরিচালক (অহিনি)
আইডি নং-৬৫০৫০২০০১
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ১৪৯৭ তারিখঃ ১১/১২/২২
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
...তে পেশ করুন
...তে রাখুন
তাগিদ পত্র দিন
১১/১২/২০২২
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

পাতা-২/২

SABBIR

D:\All Forwardimg 2022-23\আউটসোর্সিং.docx